

রাজস্ব খাতে চাকরির দাবি

শিক্ষা মন্ত্রণালয়ের ৬২২ কর্মীর অবস্থান ধর্মঘট

নিম্ন প্রতিবেদক ▶

রাজস্ব খাতে চাকরি হানাহারের দাবিতে শিক্ষা মন্ত্রণালয়ের ৬২২ কর্মকর্তা-কর্মচারী গতকাল সোমবার রাজধানীতে শিক্ষাভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করেছেন। এসইএসডিপি কর্মকর্তা-কর্মচারী কমিটির বাসায় ওই অবস্থান কর্মসূচি পালন করা হয়।

সংগঠনের সভাপতি কবীর শাহাদৎ জানান, এসইএসডিপির কর্মকর্তা-কর্মচারী গত ১৭ বছর ধরে নিরপন শ্রমের মাধ্যমে দেশের মাধ্যমিক পর্যায়ের শিক্ষার মান উন্নয়নে ভূমিকা রাখছেন। প্রথম দফায় ১৯৯৭ সালে সেসিপি নামের প্রকল্পের অধীনে কার্যক্রম শুরু হয়। ২০০৭ সালে এসইএসডিপি নামের আরেক প্রকল্পের মাধ্যমে কার্যক্রম শুরু হয়। দুই দফায় প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীরা দেশের মাধ্যমিক খাতের শিক্ষার মান বর্তমান পর্যায়ে নিয়ে এনেছেন। তাঁর অভিযোগ, নতুন প্রকল্পের নামে এখন ওই সব কর্মকর্তা-কর্মচারীকে খালি হাতে বিনায় করার পায়তারা চলছে। একই প্রকল্প অধীনে সেসিপি নামে শুরু করা হচ্ছে। প্রকল্পে পুরনো সবটিকে বাদ দিয়ে নতুন নিয়োগ দেওয়া হবে। এর ফলে একদিকে ৬২২টি পরিবার পুথি বসবে। অন্যদিকে নতুন নিয়োগের নামে নিয়োগ বন্নিভাও হতে পারে।

সংগঠনের সাধারণ সম্পাদক শিবলী মোল্লা জানান, নতুন জনসং নিয়োগ করা হলে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ কোর্সে কোর্সে টাকা খরচ হবে। অথচ আগের জনবল থাকলে তাঁদের আগের প্রশিক্ষণ দিতে হতো না। ফলে সরকারি অর্থের সাশ্রয় হতো। কিন্তু নীতিনির্ধারণকারী বিষয়টি বুঝতে চাচ্ছেন না। তিনি অনতিদ্রিষ্টেই প্রকল্পে তাঁদের নিয়োগ অথবা চাকরি রাজস্ব খাতে হানাহারের দাবি জানান।